

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৩৪১

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - পায়খানা-প্রস্রাবের আদব

بَابُ آدَابِ الْخَلَاءِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: (قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ تَوَضَّأَ فَلَيْسَتْ تَنَتُّرٌ وَمَنْ اسْتَجْمَرَ فَلْيُوتِرْ

বাংলা

৩৪১-[৮] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন ব্যক্তি উযু (ওযু/ওজু/অজু) করার সময় যেন ভালো করে নাক ঝেড়ে নেয় এবং ইসতিনজা (ইস্তিজ্জা/ইস্তেজ্জা/ইসতেনজা) করার সময় বেজোড় সংখ্যায় টিলা (তিন, পাঁচ ও সাত) ব্যবহার করে। (বুখারী ও মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : বুখারী ১৬১, মুসলিম ২৩৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الْإِسْتِنْشَاقُ) “আল ইসতিনসা-র” হলো নাকে পানি দিয়ে ঝাড়া, তবে এ হাদীসে (الْإِسْتِنْشَاقُ) “আল ইসতিনশা-র” উল্লেখ হয়নি। কেননা “আল ইসতিনসা-র” উল্লেখ করার মাধ্যমে “আল ইসতিনশা-র” বুঝানো হয়েছে। (وَمَنْ اسْتَجْمَرَ) “পাথরের মাধ্যমে টিলা নেয়া”। এখানে একটা টিলা ব্যবহার করা অন্তর্ভুক্ত করে। কিন্তু এই মুতলাক (সাধারণ) বিধানটি অন্য একাধিক শর্তযুক্ত বিধানের উপর বহন করে। শর্তযুক্ত বিধান হলো তিনটি, পাঁচটি ও সাতটি বা এর চেয়েও বেশী। আবশ্যিক হলো তিনটি। আর তিনের অধিক টিলা ব্যবহার করা মুসতাহাব। কেননা রসূলুল্লাহ (রাঃ) বলেনঃ “যে ব্যক্তি তিনের অধিক টিলা ব্যবহার করবে না, তার কোন ক্ষতি নেই।” (মুত্তাফাকুন ‘আলায়হি)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54900>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন